

সংবাদ বিজ্ঞপ্তি

সরকারের নির্দেশনা বাস্তবায়নে বিদ্যুৎ ও জ্বালানি সাশ্রয়ে ইআবিতে মতবিনিময় সভা

আজ ০২ এপ্রিল, বৃহস্পতিবার ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের মিলনায়তনে আজ “অফিস কক্ষে আবশ্যিক উপস্থিতি নিশ্চিতকরণ, বিদ্যুৎ ও জ্বালানি সাশ্রয় এবং পরিষ্কার-পরিচ্ছন্নতা নিশ্চিতকরণ শীর্ষক এক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। সাম্প্রতিক সময়ে মধ্যপ্রাচ্যে চলমান যুদ্ধ পরিস্থিতির প্রভাবে বিশ্বব্যাপী বিদ্যুৎ ও জ্বালানি খাতে অনিশ্চয়তা ও সংকট তৈরি হয়েছে। এই প্রেক্ষাপটে জ্বালানি সাশ্রয়, বিদ্যুতের মিতব্যয়ী ব্যবহার এবং দাপ্তরিক শৃঙ্খলা জোরদারে সচেতনতা বৃদ্ধি করার লক্ষ্যে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের অংশগ্রহণে এ সভার আয়োজন করা হয়।

সভায় বক্তারা বলেন, বর্তমান বৈশ্বিক বাস্তবতায় জ্বালানি ব্যবহারে সচেতনতা বৃদ্ধি সময়ের দাবি। অপ্রয়োজনীয় বিদ্যুৎ ব্যবহার কমানো, অফিস ব্যবস্থাপনায় শৃঙ্খলা বজায় রাখা এবং কর্মপরিবেশ পরিচ্ছন্ন রাখা—এসব বিষয় এখন শুধু প্রশাসনিক নির্দেশনা নয়, বরং সম্মিলিত দায়িত্ব।


প্রধান অতিথির বক্তব্যে ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মোহাম্মদ আবু জাফর খান বলেন, বর্তমান বিশ্ব পরিস্থিতি অস্থির এবং অর্থনৈতিকভাবে এক ধরনের সংকটমুখী অবস্থার দিকে এগোচ্ছে। এ বাস্তবতায় বিদ্যুৎ ও জ্বালানি সাশ্রয় কোনো বিকল্প নয়; এটি দায়িত্বশীল আচরণ ও সচেতনতার অপরিহার্য অংশ।

তিনি আরও বলেন, এ ধরনের আয়োজন যেন কেবল আনুষ্ঠানিকতায় সীমাবদ্ধ না থাকে, বরং প্রতিদিনের দাপ্তরিক কার্যক্রমে এর বাস্তব প্রতিফলন ঘটাতে হবে। অপ্রয়োজনীয় বিদ্যুৎ ব্যবহার পরিহার, প্রয়োজন শেষে বৈদ্যুতিক যন্ত্রপাতি বন্ধ রাখা এবং অফিসের গাড়ি ব্যবহারে সংযমী হওয়ার বিষয়ে তিনি বিশেষভাবে গুরুত্বারোপ করেন।

পরিচ্ছন্নতা প্রসঙ্গে ভাইস-চ্যান্সেলর বলেন, একটি পরিচ্ছন্ন কর্মপরিবেশ কর্মদক্ষতা বৃদ্ধি করে এবং ইতিবাচক মানসিক পরিবেশ সৃষ্টি করে। একই সঙ্গে সময়ানুবর্তিতা নিশ্চিত করে দায়িত্বশীলতার সঙ্গে দাপ্তরিক কাজ সম্পাদনের ওপর তিনি জোর দেন। তিনি উল্লেখ করেন, শুধু জবাবদিহিতার মাধ্যমে নয়, বরং মানবিক মূল্যবোধ থেকে প্রত্যেককে দায়িত্বশীল হয়ে কাজ করতে হবে। সচেতনতা, শৃঙ্খলা এবং পারস্পরিক সহযোগিতার মাধ্যমে একটি সাশ্রয়ী ও সুশৃঙ্খল প্রশাসনিক পরিবেশ গড়ে তোলাই এ আয়োজনের মূল লক্ষ্য বলে তিনি জানান।

প্রো-ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মোহাম্মদ শহীদুল ইসলাম এর সভাপতিত্বে সভায় বক্তব্য রাখেন বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার জনাব এ. এস. এম. মামুনুর রহমান খলিলী। মতবিনিময় সভার সঞ্চালনা করেন রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত) জনাব ফাহাদ আহমদ মোমতাজী। উপস্থিত ছিলেন পরিকল্পনা ও উন্নয়ন দপ্তরের পরিচালক (ভারপ্রাপ্ত) জনাব জিয়াউর রহমানসহ বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন স্তরের শিক্ষক কর্মকর্তা-কর্মচারীবৃন্দ।



 02/08/2026

(ফাহাদ আহমদ মোমতাজী)

রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়।

অনুলিপি:

১. আইসিটি শাখা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
২. অফিস নথি।